দৈনিক আমাদের সময়

22 MAY 2017

# স্কুলশিক্ষকদের অবসরভাতা যাবে ব্যাংক হিসাবে

নিজস্ব প্রতিবেদক ●

অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে বেসরকারি স্কুলের শিক্ষকদের কল্যাণ তহবিল ও অবসরভাতা দেওয়ার কার্যক্রম চালু করেছে সরকার। গতকাল রাজধানীর পলাশীতে বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) মিলনায়তনে এ কার্যক্রমের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

অনুষ্ঠানে তিনি বলেন, এতদিন চেকের পেছনে ঘুরতে ঘুরতে জীবন শেষ হয়ে যেত শিক্ষকদের। এখন থেকে চেকের পেছনে ঘুরতে হবে না। আপনাদের পেছনে চেক ঘুরবে। আগে ঘুষ দিতে হতো টেবিলে টেবিলে। আর এই হয়রানিতে পড়তে হবে না। অনলাইনে সবার কাছে সুবিধা পৌছে দেওয়া হবে। নিজ নিজ ব্যাংক অ্যাকাউন্টে টাকা পৌছে যাবে। এতে হয়রানি কমবে। এজন্য সরকার বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মধ্যে কল্যাণ ও অবসরভাতার চেক অনলাইনে এরপর পৃষ্ঠা ৬, কলাম ৮

## স্কুলশিক্ষকদের

(শেষ পৃষ্ঠার পর) বিতরণ কার্যক্রম, নামে প্রকল্প চালু করেছে। শিক্ষামন্ত্রী জানান, এবার হজ গমনেচ্ছু ১ হাজার ৮৫১ জন অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীকে মোট ৬৩ কোটি ৮৭ লাখ টাকার কল্যাণ ও অবসর সুবিধা দেওয়া হচ্ছে। বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য অবসর সুবিধা ও কল্যাণভাতা বাবদ ৬৫০ কোটি টাকা অনুদান দেওয়া হয়েছে। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী গোপালগঞ্জের টুঙ্গিপাড়া, সিলেটের কোম্পানীগঞ্জ এবং ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার শিক্ষক-কর্মচারীদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
স্বাক্ষর